



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২ অক্টোবর ২০১০

প্রেস বিজ্ঞপ্তি

সাজেকে দুই ব্যক্তি প্রহৃত, ইউপিডিএফ-এর নিন্দা

রাঙামাটি জেলার সাজেকে ইউনিয়নে দুই নিরীহ গ্রামবাসী শারীরিক নির্যাতনের শিকার হয়েছেন। গতকাল শুক্রবার, ১ অক্টোবর ২০১০ সন্ধ্যায় এ ঘটনা ঘটে।

গতকাল সন্ধ্যা আনুমানিক ৭:৩০টার সময় বাঘাইহাট সেনা জোন থেকে ১৫-১৬ জনের একদল সেনা সদস্য বাঘাইছড়ি উপজেলার সাজেকে ইউনিয়নের বামে বাইবা ছড়া গ্রামে যায়। এ সময় তারা ওই গ্রামের বাসিন্দা সুরেশ কান্তি চাকমা (৬৫) ও তার ছেলে ধন চাকমাকে (২৮) মারধর করে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা শাখার প্রধান সংগঠক শান্তিদেব চাকমা আজ শনিবার (২ অক্টোবর ২০১০) এক বিবৃতিতে উক্ত দুই নিরীহ ব্যক্তিকে মারধরের ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানান।

তিনি অবিলম্বে সাজেকে সেনা তৎপরতা বন্ধ করে বাঘাইহাট ক্যাম্প প্রত্যাহারের দাবি জানান।

উল্লেখ্য, গত ১৯ - ২০ ফেব্রুয়ারী সাজেকে এক সাম্প্রদায়িক হামলায় গুলিবিদ্ধ হয়ে চার পাহাড়ি নিহত হন ও পাহাড়িদের বেশ কয়েকটি গ্রামের প্রায় চার শতাধিক বাড়ি পুড়িয়ে দেয়া হয়। বাঘাইহাটের সেনারা এই হামলায় প্রত্যক্ষভাবে অংশ নিয়েছিল।

বার্তা প্রেরক

সোনামনি চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ, রাঙামাটি ইউনিট